

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৯৪
কৈলাসহর, ১৪ মার্চ, ২০২৪

কৈলাসহরে আন্তর্জাতিক নারী দিবস

কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে গত ১২ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, মহিলাদের বাদ দিয়ে সমাজ ও দেশ সমৃদ্ধ হতে পারে না। তাই রাজ্য সরকার মহিলাদের সার্বিক কল্যাণে নানা প্রকল্প গ্রহণ করেছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। এছাড়া বক্তব্য রাখেন উনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জাহাঙ্গীর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক শিরেশু চাকমা। স্বাগত বক্তব্য রাখেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা। অনুষ্ঠান শেষে সমাজের বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের নিরিখে জেলার ৮ জন সফল মহিলাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠান শুরুর আগে বর্ণাঢ্য র্যালি কৈলাসহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।
